



বাংলাদেশ নির্বাচন কমিশন  
জেলা নির্বাচন অফিসারের কার্যালয়  
রাজবাড়ী  
www.ecs.gov.bd

নং- ১৭.১১.৮২০০.০০০.৫২.০০১.২৪-৫৪০

তারিখঃ ৬ নভেম্বর ২০২৪ খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

রাজবাড়ী জেলার বালিয়াকান্দি উপজেলায় স্মার্ট জাতীয় পরিচয়পত্র বিতরণ নিমিত্তে নিম্নলিখিত পদের জন্য বর্নিত শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন আগ্রহী প্রার্থীগণের নিকট হতে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছেঃ

নং	পদের নাম	শিক্ষাগত যোগ্যতা	মন্তব্য
০১	টেকনিক্যাল ম্যানেজার/টিম লিডার	এইচ,এস,সি (কম্পিউটার ডিপ্লোমা/সমমানের ডিগ্রী থাকতে হবে)	
০২	অপারেটর	এইচ,এস,সি (কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে)	
০৩	হেলপার/টিম সহযোগী	এস,এস,সি (কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত মাইক্রোসফট ওয়ার্ড ও এক্সেলে অভিজ্ঞতা থাকতে হবে)	

উল্লেখিত যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের আবেদনপত্র ডাকযোগে/সরাসরি আগামী ১৪ নভেম্বর ২০২৪ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার (অফিস চলাকালীন সময়ের মধ্যে) “জেলা নির্বাচন অফিসার, রাজবাড়ী” এর বরাবর দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের পর কোন আবেদন গ্রহণ করা হবে না।

**শর্তাবলীঃ**

- আগ্রহী প্রার্থীদেরকে ০২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, নাগরিকত্ব সনদপত্র, পিতা, মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্র/কম্পিউটার প্রশিক্ষণ সংক্রান্ত সনদ/জাতীয় পরিচয়পত্রের ফটোকপিসহ (পদের নাম, নিজ নাম, পিতা-মাতার নাম বর্তমান ও স্থায়ী ঠিকানা, জাতীয় পরিচয়পত্র নম্বর, মোবাইল নম্বর এবং অভিজ্ঞতা উল্লেখ পূর্বক) পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্তসহ আবেদনপত্র দাখিল করতে হবে।
- ইতোপূর্বে ছবিসহ ভোটার তালিকা হালনাগাদ কাজে নিয়োজিত ছিলেন এরূপ প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা নির্বাচন অফিসারের নিকট হতে পদবী উল্লেখ পূর্বক প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।
- যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের ডাকযোগে/মোবাইল ফোনে নির্ধারিত তারিখে মৌখিক/লিখিত/ব্যবহারিক পরীক্ষার জন্য আহ্বান করা হবে।
- স্মার্ট জাতীয় পরিচয়পত্র বিতরণ কাজের জন্য শুধু প্রয়োজন অনুসারে নির্বাচিত প্রার্থীদের প্যানেল হতে নিয়োগ করা হবে।
- পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- আবেদনপত্র গ্রহণ/বাতিল অথবা নিয়োগ সংক্রান্ত যে কোন পরিবর্তন বা সংশোধনের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- উপরোল্লিখিত পদসমূহ সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে স্মার্ট জাতীয় পরিচয়পত্র বিতরণ কার্যক্রম সময়ের জন্য বালিয়াকান্দি উপজেলায় নিয়োগ প্রদান করা হবে এবং নির্বাচন কমিশন সচিবালয়/প্রকল্প কার্যালয় হতে যেই হারে অর্থ বরাদ্দ করা হবে সে-মোতাবেক অর্থ প্রদান করা হবে।
- স্মার্ট জাতীয় পরিচয়পত্র বিতরণ প্রণয়নের কাজে দক্ষতাসহ অনুরূপ কাজে অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা হিসেবে গণ্য হবে।
- দায়িত্বে অবহেলায় রেজিস্ট্রেশন যন্ত্রপাতির কোন ক্ষতি বা বিনষ্ট বা হারানো গেলে তা তিনি প্রতিস্থাপন করতে বাধ্য থাকবেন।
- কাজে অদক্ষতা কিংবা অসদুপায়ের জন্য পূর্বে বহিষ্কৃত কোন ব্যক্তিকে নিয়োগ প্রদান করা হবে না।
- স্মার্ট জাতীয় পরিচয়পত্র বিতরণ কালে কোন অসদুপায় অবলম্বন করলে তাকে তাৎক্ষণিকভাবে বহিষ্কার করা হবে।
- আবেদনকারীকে রাজবাড়ী জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

(মোঃ অলিউল ইসলাম)  
জেলা নির্বাচন অফিসার  
রাজবাড়ী

নং- ১৭.১১.৮২০০.০০০.৫২.০০১.২৪- ৫৪০ (৭)

তারিখঃ ৬ নভেম্বর ২০২৪ খ্রিঃ

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থে (জেষ্ঠ্যতার ভিত্তিতে নহে):

- সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- মহাপরিচালক, জাতীয় পরিচয়পত্র নিবন্ধন অনুবিভাগ, ঢাকা।
- জেলা প্রশাসক, রাজবাড়ী।
- আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ফরিদপুর অঞ্চল, ফরিদপুর।
- পুলিশ সুপার, রাজবাড়ী।
- উপজেলা নির্বাচন অফিসার ও রেজিস্ট্রেশন অফিসার.....(সকল) রাজবাড়ী। (বিজ্ঞপ্তিটি প্রচারের জন্য অনুরোধ করা হলো)
- নোটিশ বোর্ড।

জেলা নির্বাচন অফিসার  
রাজবাড়ী